গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য বিভাগ
অভ্যন্তরীণ প্রশাসন-১ শাখা
খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১২ আশ্বিন ১৪১৮ ব.

নং-১৩.০০.০০০০.০১৩.১১.০০২.১০-৫৯৭ তারিখঃ-------------------
২৭ সেপ্টেম্বর ২০১১ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ের খাদ্য বিভাগের রাজস্ব খাতের অধীন অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্ত নিম্নে বর্ণিত পদসমূহ পূরণের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

ক্রমিক নং	পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতনস্কেল, ২০০৯)	শূন্য পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	সহকারী হিসাব রক্ষক ৫,৫০০-১২,০৯৫/-	০১(এক)টি	কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে কমপক্ষে ২য় বিভাগে স্নাতক ডিগ্রী। সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।
২।	ক্যাশিয়ার ৫,২০০-১১,২৩৫/-	০১(এক)টি	কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে কমপক্ষে স্নাতক ডিগ্রী।
৩।	কম্পিউটার অপারেটর ক) ৫,৫০০-১২,০৯৫/- (বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পূর্বে) খ) ৬,৪০০-১৪,২৫৫/- (বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর)	০১(এক)টি	(a) Graduate, preferably Science, relax able for departmental data Entry/ Control operators with at least 2 years. (b) Must qualify operator's aptitude test.
৪।	ড্রাফটস ম্যান ৪,৭০০-৯,৭৪৫/-	০১(এক)টি	কোন স্বীকৃত পলিটেকনিক ইনস্টিটিউট হতে পুরকৌশল বিষয়ে ডিপ্লোমা ডিগ্রী অথবা কোন স্বীকৃত বোর্ড হতে দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে ড্রাফসম্যানসিপ পাস।
৫।	সার্ভেয়ার ৫,২০০-১১,২৩৫/-	০১(এক)টি	কোন স্বীকৃত সার্ভে ইনস্টিটিউট হতে ডিপ্লোমা ইন সার্ভে ডিগ্রী।
৬।	সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর ৫,২০০-১১,২৩৫/-	০৭(সাত)টি	(ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী; (খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত; (গ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে)ঃ বাংলা-৪৫ শব্দ এবং ইংরেজি-৭০ শব্দ এবং (ঘ) ওয়ার্ড প্রোসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং এ সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ঃ বাংলা-২৫ শব্দ এবং ইংরেজি-৩০ শব্দ।
৭।	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক ৪,৭০০-৯,৭৪৫/-	০৬(ছয়)টি	(ক) স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত; এবং (গ) ওয়ার্ড প্রোসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং এ সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে)ঃ বাংলা-২০ শব্দ এবং ইংরেজি-২০ শব্দ।
৮।	এমএলএসএস ৪,১০০/-৭,৭৪০/-	১৩(তের)টি	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

শর্তাবলি ঃ

(১) আগ্রহী প্রার্থীগণকে সাদা কাগজে (ক) নাম (স্পষ্ট অক্ষরে) (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) শিক্ষাগত যোগ্যতা (পরীক্ষার নাম, পাসের সন, প্রাপ্ত বিভাগ/শ্রেণী, বোর্ড/বিশ্ববিদ্যালয় উল্লেখসহ) (ছ) জন্ম তারিখ (এফিডেভিট গ্রহণযোগ্য নয়) এবং ২৭.১০.২০১১ খ্রি. তারিখে বয়স (জ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) বৈবাহিক অবস্থা (ট) অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ করে নিজ স্বাক্ষরে আবেদন করতে হবে।

(২) প্রার্থীগণকে আবেদনপত্রের খামের উপরে পদের নাম, নিজ জেলা ও কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখ করতে হবে এবং প্রার্থীর নিজ ঠিকানা সম্বলিত ৯.৫''×৪.৫'' সাইজের ৫/- (পাঁচ) টাকার অব্যবহৃত ডাকটিকেটসহ একটি খাম আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

(৩) **সিনিয়র সহকারী সচিব (অভ্যন্তরীণ প্রশাসন-১), খাদ্য বিভাগ, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, কক্ষ নং-১২৫, ভবন-৪, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০** এ ঠিকানায় আবেদনপত্র আগামী ২৭.১০.২০১১ খ্রি. তারিখ অফিস সময়ের মধ্যে ডাকযোগে পৌঁছাতে হবে। সরাসরি দাখিলকৃত বা কুরিয়ার সার্ভিসযোগে প্রেরিত কোন আবেদন গ্রহণ করা হবে না এবং নির্ধারিত তারিখ ও সময়ের পর পৌঁছানো আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

(৪) ২৭.১০.২০১১ খ্রিঃ তারিখে আবেদনকারীর বয়স ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য।

(৫) আবেদনপত্রের সাথে আবেদনকারীকে নিম্নোক্ত কাগজপত্রাদি দাখিল করতে হবে ঃ

(ক) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতার (যদি থাকে) সকল সনদপত্রের ছায়ালিপি।
(খ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সম্প্রতি তোলা ৪ (চার) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি।
(গ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ পত্র।
(ঘ) স্ব স্ব এলাকার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।
(ঙ) সরকারের সর্বশেষ সিদ্ধান্ত মোতাবেক প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা হলে তাঁর পিতা/মাতা, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র/কন্যা হলে তাঁর পিতার পিতা/মাতা অথবা মাতার পিতা/মাতার অনুকূলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের সত্যায়িত ছায়ালিপি।
(চ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কমিশনার প্রদত্ত সনদপত্র।
(ছ) উপজাতী/আনসার ও ভিডিপি/এতিম/প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রমাণপত্রের সত্যায়িত কপি।

(৬) সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার নামাঙ্কিত সীল থাকতে হবে।

(৭) পরীক্ষার ফি (অফেরতযোগ্য) বাবদ ক্রমিক নং-১ হতে ৭ পর্যন্ত পদের জন্য ১০০/-(একশত) টাকা এবং ক্রমিক নং-৮ এ উল্লিখিত পদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকার ট্রেজারি চালান '১/৪৮০১/০০০১/২৬৮১' নং কোডে **সচিব, খাদ্য বিভাগ** বরাবর বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকের মাধ্যমে জমা দিয়ে চালানের মূলকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

(৮) চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়।

(৯) নিয়োগের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটা নীতি অনুসরণ করা হবে।

(১০) আবেদনপত্র বাছাই, নিয়োগ, পদ সংখ্যা বাড়ানো বা কমানো প্রভৃতি নিয়োগ সংক্রান্ত সকল ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে। নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(১১) ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে।

(১২) প্রার্থীকে সাক্ষাতকার গ্রহণকালে সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

(১৩) লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

জ্ঞাতব্য ঃ নিয়োগ বিজ্ঞপ্তিটি খাদ্য বিভাগের ওয়েবসাইটেও (www.fd.gov.bd) পাওয়া যাবে

২৯.৯.২০১১

মোঃ আবু আউয়াল
সিনিয়র সহকারী সচিব
ও
সদস্য সচিব
সংশ্লিষ্ট নিয়োগ কমিটি।